

105361 - মৃতব্যক্তিকে দাফন করার পর তার জন্য ক্ষমাপ্রার্থনা করার ভাষ্য

প্রশ্ন

মৃতব্যক্তিকে দাফন করার পর তার জন্য দোয়া করা ও ইস্তিগফার কোন ভাষ্য হবে?

প্রিয় উত্তর

মৃতব্যক্তিকে দাফন করার পর তার জন্য দোয়া করা ও ইস্তিগফার করার বর্ণনা সম্বলিত নির্ভরযোগ্য কোন হাদিস আমাদের জানামতে উদ্ধৃত হয়নি। যা উদ্ধৃত হয়েছে সেটা হলো সাধারণভাবে ইস্তিগফার করা এবং অবিচল থাকার জন্য দোয়া করার নির্দেশ। যে কোন ভাষ্যে ইস্তিগফার ও দোয়া করলে এই নির্দেশ পালিত হবে। যেমন এভাবে বলা: **اللَّهُمَّ اغْفِرْ لَهُ وَتَبِّئْهُ عَلَى الْحَقِّ** (হে আল্লাহ! তাকে ক্ষমা করে দিন এবং হকের উপর অবিচল রাখুন) কিংবা এ ধরনের অন্য কোন কথা।

আল্লাহই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।[সমাণ্ড]

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুর রাজ্জাক আফিফি, শাইখ আব্দুল্লাহ্ বিন কুযূদ।

[ফাতাওয়াল লাজনাদ দায়িমা (৯/৯৪)]

আল্লাহই সর্বজ্ঞ।